

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

তারিখঃ ২০/২/১৪২৫।
০৪/২/২০১৮।

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.০২৭.০৬১.১৭- ৩৭৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: হেলাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ এ (iv) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ৩০.০৭.২০১৭ তারিখে বিভাগীয় মামলা (বিমা-১৬/১৭/২৯২) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২২.০৮.২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ২২.০১.২০১৮ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদান করে দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু জনাব মো: হেলাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (এ) উপবিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.০২৭.০৬১.১৭- ৩৭৬/১২

তারিখঃ ২০/২/১৪২৫।
০৪/২/২০১৮।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৭. সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৯. জেলা হিসাব রক্ষণ অফিসার, সিরাজগঞ্জ।
১০. উপজেলা শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
১১. জনাব মো: হেলাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
১২. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সংরক্ষণ নথি।

তারিখঃ ২০/২/১৪২৫।
সিস্টেম ম্যানেজার (আইএমডি)
১৫৩

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৮৮০